

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৮.০০৮.২২.১৬১৯

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৯  
০৭ সেপ্টেম্বর ২০২২

**বিষয় : জেলা পরিষদের তহবিল পরিচালনা সংক্রান্ত নির্দেশনা।**

সূত্র : বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের প্রজ্ঞাপন নং ১৭.০০.০০০০.০৭৯.৩৯.০০১.২২-৫৭৮, তারিখ: ৩১ আগস্ট ২০২২।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের সূত্রস্থ প্রজ্ঞাপন মূলে দেশের ৬১টি জেলা পরিষদে নির্বাচন অনুষ্ঠানের তফসিল ঘোষণা করা হয়েছে (কপি সংযুক্ত)।

২। এমতাবস্থায়, পরবর্তী পরিষদ গঠিত না হওয়া পর্যন্ত নিম্নবর্ণিত নির্দেশনা যথাযথ প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) নির্বাচন-পূর্ব সময় হতে নির্বাচন পরবর্তী পরিষদ গঠিত না হওয়া পর্যন্ত শুধুমাত্র কর্মকর্তা-কর্মচারীদের বেতন ভাতা ও অন্যান্য রুটিন কাজের ব্যয় ব্যতীত অন্যান্য সকল ব্যয় স্থগিত থাকবে।
- (খ) উল্লিখিত নির্ধারিত কাজের বাইরে যে কোন উন্নয়ন কাজের বিল পরিশোধ, অনুদান প্রদান কিংবা অন্য কোন খাতে অর্থ অবমুক্ত করা যাবে না।
- (গ) জেলা পরিষদের বর্তমান প্রশাসক পদত্যাগ না করলে, স্থায় পদে দায়িত্ব পালনকালীন সময়ে উল্লিখিত নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে।
- (ঘ) জেলা পরিষদের প্রশাসক স্থায় পদ হতে পদত্যাগ করলে, পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা শুধুমাত্র কর্মকর্তা-কর্মচারীদের বেতন ভাতা ও অন্যান্য রুটিন ব্যয় নির্বাহের দায়িত্ব পালন করবে।

৩। বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তি: বর্ণনামতে।

  
মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী  
উপসচিব  
ফোন: +৮৮০২২২৩০৫৫৫৬৮  
Email:lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, ..... (সকল)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, প্লট-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা  
[দৃষ্টি আকর্ষণ: উপসচিব (নির্বাচন পরিচালনা-২)]
২. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ..... (সকল)।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. পরিচালক, স্থানীয় সরকার, ..... (সকল)।
৭. জেলা প্রশাসক, ..... (সকল)।
৮. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)